জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি
পরিকল্পনা মন্ত্রণালয়
৩/এ, নীলক্ষেত, ঢাকা- ১২০৫

নং ২০.০৭.০০০০.০০৬.০২.০০৩.২০-**১০৩৯**

তারিখ : ১৬ কার্তিক, ১৪২৮
০১ নভেম্বর, ২০২১

বিষয় : জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমিতে 'Post Graduate Diploma in Development Planning (PGDDP) (34th Batch)' শীর্ষক ১ বছর (জানুয়ারি-ডিসেম্বর, ২০২২) মেয়াদী সান্ধ্যকালীন কোর্সে কর্মকর্তা মনোনয়ন প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর পরিকল্পনা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন একটি জাতীয় প্রশিক্ষণ প্রতিষ্ঠান। পরিকল্পনা ও উন্নয়ন কর্মকান্ডের সাথে সংশ্লিষ্ট সরকারি, আধাসরকারি ও স্বায়ত্বশাসিত সংস্থায় কর্মরত কর্মকর্তাদের পেশাগত দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে এনএপিডি প্রশিক্ষণ প্রদান করে আসছে। এরই ধারাবাহিকতায় এনএপিডি ১ বছর (জানুয়ারি-ডিসেম্বর, ২০২২) মেয়াদি **'Post Graduate Diploma in Development Planning (PGDDP)'** সান্ধ্যকালীন কোর্স আয়োজন করে আসছে। উচ্চতর প্রবৃদ্ধি অর্জন ও অর্থনৈতিক উন্নয়নের জন্য সরকারের শীর্ষ ১০ (দশ) মহাপ্রকল্পের সাথে বিভিন্ন সরকারি/বেসরকারি/ স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান নানা পর্যায়ে বিভিন্ন উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন করে থাকে। একটি প্রকল্পের সফলতা নির্ভর করে প্রকল্প পরিকল্পনা প্রণয়ন, ব্যবস্থাপনা ও বাস্তবায়ন দক্ষতার উপর। এনএপিডি এ বিষয়ে একটি বিশেষায়িত প্রশিক্ষণ প্রতিষ্ঠান যা উক্ত বিষয়ে প্রশিক্ষণার্থীদের হাতে-কলমে প্রশিক্ষণ দিয়ে থাকে। এরই ধারাবাহিকতায় **'Post Graduate Diploma in Development Planning (PGDDP)'** "উন্নয়ন পরিকল্পনা বিষয়ক পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা" শীর্ষক (১৩০ কর্মদিবস মেয়াদী) প্রশিক্ষণ কোর্সটির ৩৪তম ব্যাচ আগামী জানুয়ারি-ডিসেম্বর, ২০২২ মেয়াদে অনুষ্ঠিত হবে। কোর্সের মৌলিক তথ্যাদি নিম্নে উপস্থাপন করা হলো :

(ক) প্রশিক্ষণার্থীর পর্যায় : সরকারি, আধাসরকারি, স্বায়ত্তশাসিত সংস্থা, ব্যাংক ও উন্নয়নমূলক বেসরকারি সংস্থাসমূহের কর্মকর্তাবৃন্দ।

(খ) শিক্ষাগত যোগ্যতা : বিএ/স্নাতক (সম্মান)/সমমান।

(গ) পাঠ্যক্রমের মেয়াদ : ০১ বছর, সপ্তাহে ০৩ দিন (রবি, মঙ্গল, বুধবার)

(ঘ) ক্লাশের সময়সূচি : সন্ধ্যা ০৭:০০ - ০৯:০০ (পরিবর্তনশীল)

(ঙ) পাঠ্যক্রম ফি : এই কোর্সের জন্য জনপ্রতি কোর্স ফি (ভ্যাট বাদ দিয়ে প্রদেয়) ৬৫,০০০.০০ (পঁয়ষট্টি হাজার) টাকা। মনোনীত কর্মকর্তাদের নিবন্ধনের সময় উক্ত কোর্স ফি নগদে অথবা ক্রস্‌ড চেকের মাধ্যমে **'মহাপরিচালক, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি),'** এর অনুকূলে পরিশোধ করতে হবে।

(চ) পাঠ্যক্রমের উদ্দেশ্য :

a. To create efficient workforce for successful attainment of socio-economic development of the country.

b. To equip the participants with most recent techniques of planning, project management as well as theoretical and practical knowledge of basic economics & research.

(ছ) পাঠ্যসূচি :

Module-01: Basic Economics;
Module-02: Theories and Models of Economic Development;
Module-03: Economy of Bangladesh;
Module-04: Development Planning in Bangladesh;
Module-05: Mathematics & Statistics for Planners;
Module-06: Research Methodology;
Module-07: Special Issues
Module-08: Appraisal & Formulation of Development Project;
Module-09: Financial Management of Development Project;
Module-10: Implementation Monitoring and Impact Evaluation of development Projects

(জ) প্রশিক্ষণার্থীর সংখ্যা : ৩০ জন।

(ঝ) মনোনয়নের শেষ তারিখ : ১৫ ডিসেম্বর, ২০২১ (বুধবার)।

(ঞ) মনোনয়ন প্রেরণ : কোর্স পরিচালকের নিকট সরাসরি মনোনয়ন প্রেরণ করা যাবে।

যুগ্মসচিব প্রশাসন এর দপ্তর

তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
প্রশাসন-৪ অধিশাখা

চলমান পাতা-২

(ট) পাঠ্যক্রমে যোগদান : মনোনীত কর্মকর্তাদের আগামী ০৫ জানুয়ারি ২০২২ তারিখ বুধবার সন্ধ্যা ০৬:০০ টায় এনএপিডি ক্যাম্পাসে রিপোর্ট করতে হবে।

(ঠ) শিক্ষা সফর প্রশিক্ষণ কারিকুলামে শিক্ষা সফর অন্তর্ভুক্ত আছে। উক্ত শিক্ষা সফর দেশে অথবা বিদেশে হতে পারে। শিক্ষা সফরটি বিদেশে হলে প্রশিক্ষণার্থীর সংশ্লিষ্ট প্রতিষ্ঠান অথবা প্রশিক্ষণার্থীরা নিজে শিক্ষা সফরের ব্যয়ভার বহন করবেন।

(২) উক্ত প্রশিক্ষণ কোর্সে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/দপ্তর/অধিদপ্তর/সংস্থা থেকে এক বা একাধিক কর্মকর্তা মনোনয়নের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা যাচ্ছে। কোর্স সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাদির জন্য নিম্নস্বাক্ষরকারী বা কোর্স সমন্বয়কারী ও সহযোগী প্রশিক্ষক, জনাব মোহাম্মদ জিয়াউর রহমান এর সাথে (মোবাইল: ০১৭১৭-১৬০৪০৮, ইমেইল : ziaurcu97@gmail.com) যোগাযোগ করা যেতে পারে। প্রতিষ্ঠান কর্তৃক মনোনীত হলে এনএপিডি'র ওয়েব সাইটে (www.napd.gov.bd) প্রশিক্ষণের আওতায় আসন্ন কোর্স হতে **'Post Graduate Diploma in Development Planning (PGDDP) (34th Batch)'** কোর্সের বাটুনে অথবা নিম্নোক্ত লিংকে **https://training.napd.ac.bd/course_registration.php?cid=204** ক্লিক করে রেজিস্ট্রেশন ফর্ম পূরণ করে Submit করা যাবে। উল্লেখ্য যে মনোনীত কর্মকর্তাদের সাথে সরাসরি যোগাযোগের সুবিধার্থে মনোনয়নপত্রে কর্মকর্তাদের মনোনয়ন নিম্নোক্ত ছক অনুযায়ী প্রেরণ করার জন্য অনুরোধ করা হলঃ

| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও পদবী | কর্মস্থলের ঠিকানা | ফোন নম্বর | মোবাইল নম্বর | ই-মেইল ঠিকানা |
|---|---|---|---|---|---|
| | | | | | |

মনোনয়ন গ্রহণ সম্পর্কে এনএপিডি হতে আর কোন নিশ্চয়তাপত্র দেয়া হবে না। আপনার মনোনয়নই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

(প্রকৌ: মো: আব্দুর রশিদ)
পরিচালক (প্রশাসন ও অর্থ) ও
কোর্স পরিচালক
ফোন: (০২) ৯৬৬৫৩৫১
ফ্যাক্স: (০২) ৫৮৬১৫৬৯৫
ই-মেইল: rashid.eee.cse@gmail.com

প্রাপক,
সচিব
তথ্য মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
প্রশাসন-৪ অধিশাখা

নং-১৫.০০.০০০০.০১৮.২৫.০০১.২১.২৩২ তারিখ: ২১/১১/২০২১

উপর্যুক্ত প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণে ইচ্ছুক তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের প্রার্থীদের আবেদন ৩০/১১/২০২১ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য অনুরোধ করা হলো। অধীনস্থ দপ্তর/সংস্থার অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীদের মনোনয়ন সরাসরি প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মোহাম্মদ গোলাম আজম)
উপসচিব
ফোন-৯৫৪৫০৮২

প্রাপক (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান সম্পাদক, বাংলাদেশ সংবাদ সংস্থা/প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর/মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন/মহাপরিচালক, বাংলাদেশ বেতার/মহাপরিচালক, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট/প্রধান নির্বাহী, বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট/মহাপরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর/মহাপরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর/মহাপরিচালক, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ/মহাপরিচালক, বাংলাদেশ প্রেস ইনস্টিটিউট/ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন/চেয়ারম্যান, বাংলাদেশ প্রেস কাউন্সিল/ সচিব, তথ্য কমিশন/ভাইস-চেয়ারম্যান, বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ড, ঢাকা।
২. মন্ত্রীর একান্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিবের একান্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. শাখা/অধিশাখা প্রধান, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. সিস্টেম এনালিস্ট, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।